

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০

আমার বাড়ি আমার খামার সমিতি ব্যবস্থাপনা বিধিমালা-২০২০ এর প্রয়োজনীয় অংশের উদ্ধৃতি

১. সমিতির সদস্য সংখ্যা সর্বনিম্ন ২০ জন এবং সর্বোচ্চ ৬০ জন হতে হবে (বিধি-৮)
২. প্রত্যেক সদস্যকে ব্যাংকের অন্তত একটি শেয়ার ক্রয় করতে হবে এবং প্রতি মাসে ব্যাংক কর্তৃক নির্ধারিত (বর্তমানে মাসে ৬০ টাকা) সঞ্চয় জমা করতে হবে (বিধি-৯)
৩. কোন সদস্য ব্যাংকের অন্তত ১টি শেয়ার ক্রয় না করলে সদস্যপদ বাতিল করা যাবে। পর পর ৩ মাস সঞ্চয় জমা না করলে সদস্যপদ স্থগিত হয়ে যাবে। সদস্যপদ প্রত্যাহার হলে কল্যাণ অনুদানের অর্থ উত্তোলন করা যাবে না (বিধি-১০)
৪. সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সভাপতি-১ জন, সহ সভাপতি-১ বা একাধিক, ১ জন নারী সহ সভাপতি, ১ জন ম্যানেজার, ১ জন কোষাধ্যক্ষ থাকবে এবং সদস্য সংখ্যা অনূন্য ৭ ও সর্বোচ্চ ১৫ জন হবে (বিধি-১৮)
৫. ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ৩ বছর। মেয়াদ উত্তীর্ণ হবার ৪৫ দিন পূর্বে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন শেষ করতে হবে (বিধি-২০)
৬. ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে কেবলমাত্র ১টি পদে নির্বাচন করা যাবে। নির্বাচনে প্রার্থী হতে হলে ব্যাংক বা অন্য কোন প্রতিষ্ঠানের ঋণের খেলাপী অংশ মনোনয়ন দাখিলের পূর্বেই পরিশোধ করতে হবে (বিধি-২১)
৭. সমিতির সদস্যদের মধ্যে হতে ১ জন সভাপতি ও ২ জন সদস্য দিয়ে নির্বাচন কমিটি গঠিত হবে (বিধি-২৩)
৮. নির্বাচন অনুষ্ঠানের ৩০ দিন পূর্বে নির্বাচনী তফসিল ঘোষণা করতে হবে (বিধি-২৪)
৯. নির্বাচন কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে ৩ কর্ম দিবসের মধ্যে শাখা ব্যবস্থাপকের নিকট আপিল দায়ের করতে হবে। শাখা ব্যবস্থাপক ৩ কর্ম দিবসের মধ্যে সিদ্ধান্ত প্রদান করেবেন। শাখা ব্যবস্থাপকের সিদ্ধান্তই চূড়ান্ত (বিধি-২৬)
১০. নির্বাচনের তফসিল ঘোষণার ৩০ দিন পূর্বে খসড়া ভোটার তালিকা প্রকাশ করতে হবে এবং মাঠ সহকারীকে অনুলিপি দিতে হবে (বিধি-২৭)
১১. কোন সদস্য শেয়ার ক্রয় না করলে, প্রতি মাসে সঞ্চয় জমা না করলে এবং খেলাপী ঋণ থাকলে ভোট প্রদান করতে পারবেন না (বিধি-২৯)
১২. ব্যবস্থাপনা কমিটির কোন সদস্য শেয়ার ক্রয় না করলে, নিয়মিত সঞ্চয় জমা না করলে ব্যবস্থাপনা কমিটির সদস্যপদ স্থগিত থাকবে (বিধি-৩৪)
১৩. ব্যবস্থাপনা কমিটির কোন সদস্য পর পর ৩টি সভায় অনুপস্থিত থাকলে সদস্যপদ বাতিল হবে (বিধি-৩৫)
১৪. ব্যবস্থাপনা কমিটির সভা ৩০ কার্য দিবসের মধ্যে একবার অবশ্যই করতে হবে (বিধি-৩৭)

১৫. সমিতির তহবিল হতে ঋণ গ্রহণের জন্য জামানত প্রদান করতে হবে। তবে সমিতির কোন সদস্য কর্তৃক প্রদত্ত নিশ্চয়তাপত্র জামানত হিসেবে গণ্য করা যাবে (বিধি-৫৪)
১৬. যে উদ্দেশ্যে ঋণ গ্রহণ করা হয়েছে সেই উদ্দেশ্যে তা ব্যবহার না করলে যে কোন সময় অর্থ ফেরত দেয়ার জন্য নোটিশ দেয়া যাবে। এর পরও ফেরত না দিলে সার্টিফিকেট মামলা করতে হবে (বিধি-৫৬)
১৭. প্রত্যেক সদস্যের একজন নমিনি থাকতে হবে। নমিনি সমিতির সদস্য নয়। সদস্যের মৃত্যুর পর সদস্যের অধিকার ও দায় দায়িত্ব অর্জন করবে। কোন সদস্য নমিনি না রেখে মৃত্যুবরণ করলে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত উত্তরাধিকার প্রত্যয়নপত্র অনুযায়ী পাওনা পরিশোধ করতে হবে (বিধি-৬১)
১৮. সদস্য ব্যাংকের শেয়ার অন্য সদস্যের নিকট বিক্রি করতে পারবেন। সদস্য পদ হতে ইস্তফা দিলে শেয়ার বিক্রির সুযোগ নেই। তবে অন্য সদস্য উক্ত শেয়ার ক্রয় করতে চাইলে শেয়ার হস্তান্তর করে অর্থ গ্রহণ করতে পারবেন (বিধি-৬২)

(এটি পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক নিবন্ধিত সমিতি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ হতে গৃহীত, বিস্তারিত জানতে পল্লী সঞ্চয় ব্যাংকের ওয়েবসাইটের (www.pallisanchaybank.gov.bd) আইন ও বিধি ট্যাবের সাবমেনু সমিতি ব্যবস্থাপনা বিধিমালা ক্লিক করে দেখুন)